



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

৩০ জ্যৈষ্ঠ ১৪৩০

ডিএফআইএম সার্কুলার নং-০৬

তারিখ: _____

১৩ জুন ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

কর্মকর্তা/কর্মচারী নিয়োগ ও মানবসম্পদ ব্যবস্থাপনা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এফআইডি সার্কুলার নং ০৯, তারিখ: ১৪ সেপ্টেম্বর ২০০৫, ডিএফআইএম সার্কুলার নং-০৪, তারিখ: ২৭ জুন ২০১৩ এবং ডিএফআইএম সার্কুলার নং-০৩, তারিখ: ১০ অক্টোবর ২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বর্ণিত সার্কুলারসমূহে আর্থিক প্রতিষ্ঠানে মানবসম্পদ নিয়োগে শৃঙ্খলা পরিপন্থী কার্যকলাপ রোধে করণীয়, নতুন নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর বয়সের উচ্চসীমা ইত্যাদি বিষয়ে নির্দেশনা রয়েছে।

২। এক্ষণে, আর্থিক প্রতিষ্ঠানসমূহে সুশাসন নিশ্চিতকরণ, স্বচ্ছতার সাথে যোগ্য, সৎ ও দক্ষ মানবসম্পদ নিয়োগ ও ব্যবস্থাপনা কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো-

- (১) সাধারণভাবে আর্থিক প্রতিষ্ঠানের যে কোন স্তরে কর্মকর্তা-কর্মচারী নিয়োগ, পদোন্নতি ও সার্বিক মানবসম্পদ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিষয়ে একটি সুস্পষ্ট নীতিমালা থাকতে হবে যা প্রতিষ্ঠানের পরিচালনা পর্যবেক্ষণ কর্তৃক অনুমোদিত হতে হবে;
- (২) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (ICC) বিভাগের প্রধান, ঝণ ঝুঁকি ব্যবস্থাপনা (CRM) বিভাগের প্রধান, প্রধান আর্থিক কর্মকর্তা (CFO) এবং কোম্পানি সচিব ইত্যাদি পদসমূহের যথাযথ গুরুত্ব বিবেচনায় বর্ণিত পদসমূহের যোগ্যতা ও উপযুক্ততা নির্ধারণের জন্য পরিচালনা পর্যবেক্ষণের অনুমোদিত নীতিমালা থাকতে হবে। এছাড়াও এসকল পদে নিয়োগের জন্য প্রাপ্ত আবেদন মূল্যায়নের লক্ষ্যে পরিচালনা পর্যবেক্ষণের অনুমোদিত মূল্যায়ন প্রক্রিয়া থাকতে হবে;
- (৩) কোন ব্যক্তি একই সাথে (যুগপৎ) উপরোক্ত একাধিক পদে বহাল থাকতে পারবেন না;
- (৪) বর্ণিত পদসমূহের দায়িত্ব ও কর্তব্য সুস্পষ্টভাবে প্রতিষ্ঠানের মানবসম্পদ নীতিমালায় অন্তর্ভুক্ত করতে হবে;
- (৫) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (ICC) বিভাগের প্রধান, ঝণ ঝুঁকি ব্যবস্থাপনা (CRM) বিভাগের প্রধান, প্রধান আর্থিক কর্মকর্তা (CFO) এবং কোম্পানি সচিব হিসেবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত নিয়োগ প্রদানের ১৫(পনের) কর্মদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগে প্রেরণ করতে হবে। বর্ণিত পদসমূহ হতে কোন কর্মকর্তাকে অব্যাহতি প্রদান করতে হলে অব্যাহতি প্রদানের অন্তর্বর্তীন ১(এক) মাস পূর্বে বাংলাদেশ ব্যাংক-কে অবহিত করতে হবে;

- (৬) নিয়োগপ্রাপ্তি সকল কর্মকর্তা কর্মচারীর শিক্ষাগত যোগ্যতার সনদ এবং জাতীয় পরিচয়পত্রের সঠিকতা যাচাইপূর্বক নথিতে সংরক্ষণ করতে হবে;
- (৭) সকল কর্মকর্তা-কর্মচারীর হালনাগাদ ব্যক্তিগত যোগাযোগের ঠিকানা ও মোবাইল ফোন নম্বর প্রতিষ্ঠানের নথিতে সংরক্ষণ করতে হবে;
- (৮) যে সকল কর্মকর্তা/কর্মচারী ইতোমধ্যে প্রতিষ্ঠানে কর্মরত আছেন তাঁদের শিক্ষাগত যোগ্যতার সনদ এবং জাতীয় পরিচয়পত্র এ নীতিমালা জারি হওয়ার ৬(ছয়) মাসের মধ্যে যাচাইপূর্বক সকল কর্মকর্তা-কর্মচারীর ব্যক্তিগত নথি হালনাগাদ করতে হবে; এবং
- (৯) এ নীতিমালা পরিপালনার্থে আর্থিক প্রতিষ্ঠানসমূহ পরিচালনা পর্ষদের সভা আহ্বান করবে এবং পরিপালনের অগ্রগতি ০২(দুই) মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আমির উদ্দিন)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮।